



অভিবাসী নিউ ইয়র্কবাসীদের প্রতি মেয়র ডি-ব্ল্যাসিও এবং স্পিকার মার্ক-ভিভেরিটো'র বার্তা

এই অনিশ্চিত সময়ে আমরা অবশ্যই নিজেদেরকে মনে করিয়ে দেব যে একটি সিটি হিসাবে আমরা কারা এবং আমাদের মূল্যবোধ আঁকড়ে রাখা আবশ্যিক। দুর্যোগময় সময়ে কঠোর পরিশ্রম, সম্মান এবং ঐক্য যেমন আমাদের নিউ ইয়র্কবাসী হিসাবে সংজ্ঞায়িত করে এবং সেটা পরিবর্তিত হবে না, প্রেসিডেন্ট যেই হোক না কেন সেটা কোনো ব্যাপারই নয়। আমাদের অভিবাসী সম্প্রদায়ের রক্ষা করতে এবং তাদের সঙ্গে দাঁড়াতে আমাদের অঙ্গীকার আগের চেয়ে আরো শক্তিশালী। সবসময়ের মত, নিউ ইয়র্ক সিটি আমাদের অভিবাসী ভাই-বোনদের রক্ষা ও সুরক্ষিত করতে প্রস্তুত। আমরা আপনার ওপরে কখনো বিমুখ হব না।

এই সূত্র নির্দেশিকাটি বর্তমানে সকল নিউ ইয়র্কবাসীদের জন্য উপলব্ধ সিটি পরিষেবার একটি দ্রুত ও সহজ রোডম্যাপ হিসেবে কাজ করে।

নিউ ইয়র্ক সিটি অভিবাসীদের জন্য সূত্র

নিউ ইয়র্ক সিটি তার সব বাসিন্দাদের সমর্থন করে বেশীরভাগ সিটি পরিষেবাগুলো অনথিভুক্ত অভিবাসী সহ, প্রত্যেকের জন্য পাওয়া যায়, যেমন স্কুলে যাওয়া বা হেল্থ কেয়ার সিস্টেম ব্যবহার করা অথবা অন্যান্য পরিষেবাগুলো। সিটি কর্মীরা অভিবাসন স্থিতি সম্পর্কে জিজ্ঞাসা করবেন না যদি না সেটি তাঁদের কাজের জন্য প্রয়োজন হয়। তাঁরা অভিবাসন স্থিতির তথ্য অবশ্যই গোপন রাখবেন।

IDNYC

- সব নিউ ইয়র্কবাসীদের জন্য IDNYC হল সিটির সনাক্তকরণ কার্ড। IDNYC অভিবাসন স্থিতির তথ্য সংগ্রহ করে না, এবং আমরা আবেদনকারীদের তথ্য গোপন রাখি। সিটি আইনের পূর্ণ ব্যাপ্তিতে IDNYC-র তথ্য রক্ষা করবে।

শিক্ষা

- 4 বছর বয়সের শিশুরা অথবা 4 বছরে পড়ছে এমন শিশুরা প্রি-কে এর জন্য উপযুক্ত। সকল বাসিন্দাদের 5 বছর বয়স থেকে স্নাতক স্তর পর্যন্ত অথবা যখন তারা 21 বছরের হবে তখন স্কুলের বছরের শেষ পর্যন্ত সরকারী স্কুলে পড়ার অধিকার রয়েছে। ইংরেজী শিক্ষার্থীদের জন্য ক্লাস উপলব্ধ আছে।

স্বাস্থ্য পরিচর্যা

- কম খরচের জরুরি এবং অ-জরুরি স্বাস্থ্য পরিচর্যা সমস্ত সরকারী হাসপাতাল, ক্লিনিক এবং অন্যান্য সাশ্রয়ী ক্লিনিকে উপলব্ধ।
- NYC Well হল 200 টিরও বেশী ভাষাতে, দিনের যে কোনো সময়ে উপলব্ধ ফ্রি, গোপনীয় সংযোগ মানসিক স্বাস্থ্য পরিচর্যা। কল করুন 1-888-NYC-Well, 65173 নম্বরে টেক্সট করুন WELL, অথবা nyc.gov/nycwell

শিশু পরিচর্যা

- 6 সপ্তাহ থেকে 12 বছর বয়সী শিশু সহ কম-আয়ের পরিবারেরা বিনামূল্যে বা কম খরচের শিশু পরিচর্যা পেতে পারেন।

জরুরী খাদ্য ও আশ্রয়

- NYC (এনওয়াইসি)জুড়ে অবস্থানগুলি যে মানুষের প্রয়োজন তাদের বিনামূল্যে খাবার প্রদান করে।
- Homebase (হোমবেস) প্রোগ্রাম বাসিন্দাদের শেল্টার (আশ্রয়) সিস্টেমে প্রবেশ করা এড়াতে সাহায্য করতে পারে।

জন নিরাপত্তা

- সিটি ইমিগ্রেশন এনফোর্সমেন্ট পরিচালনা করে না। NYPD অপরাধের শিকার, সাক্ষী, অথবা অন্যান্য মানুষ যারা সাহায্য চায়, তাদের অভিবাসন স্থিতি সম্পর্কে জিজ্ঞাসা করে না।
- যে কেউ যিনি কোন বিদ্বেষ অপরাধের শিকার হয়েছেন, অথবা নিশ্চিত নয়, তাঁর NYPD-র সাথে যোগাযোগ করা উচিত। NYPD Hate Crimes Task Force (NYPD হেট ক্রাইমস্ টাস্ক ফোর্স)-এর সাথে সরাসরি যোগাযোগ করতে, (646) 610-5267 নম্বরে কল করুন।

অভিবাসন আইনি সহায়তা

- ActionNYC-র মাধ্যমে ফ্রি, নিরাপদ অভিবাসন আইনি সহায়তা পাওয়া যায়। সোমবার থেকে শুক্রবার কর্মদিবসের মধ্যে ActionNYC হটলাইনে 1-800-354-0365-তে কল করুন।
- লাইসেন্সহীন ইমিগ্রেশন পরিষেবা প্রদানকারীর বিষয়ে সতর্ক থাকুন যারা তাদের গ্রাহকদের কাছ থেকে সুবিধা গ্রহণ করে। শুধুমাত্র একটি বিশ্বস্ত, লাইসেন্সপ্রাপ্ত অ্যাটার্নি বা স্বীকৃত প্রতিনিধির কাছ থেকে সাহায্য গ্রহণ করুন। এই সম্পর্কে কোন প্রশ্ন থাকলে, সোমবার থেকে শুক্রবারের মধ্যে সকাল 9টা-রাত 8টার মধ্যে New Americans Hotline (নিউ আমেরিকানস্ হটলাইনে) 1-800-566-7636-তে কল করুন।

বৈষম্য থেকে সুরক্ষা

- নিউ ইয়র্কবাসীদেরও বেআইনী বৈষম্য, প্রতিশোধ, এবং কর্মক্ষেত্রে, হাউজিংয়ে, এবং সরকারী জায়গাতে হয়রানি থেকে মুক্ত হবার অধিকার আছে।
- অভিযোগ দায়ের করবার জন্য বা আরো বেশী জানতে, 311-এ কল করুন অথবা NYC কমিশনের মানবাধিকার বিভাগে (718) 722-3131-তে কল করুন।

আপনার কোনো প্রশ্ন বা উদ্বেগ আছে?

এই সূত্রের বিষয়ে আরো তথ্যলাভের জন্য 311-এ কল করুন, অথবা মেয়রের অফিসের ইমিগ্র্যান্ট অ্যাফেয়ার্সে কাজের সময়ে সরাসরি (212) 788-7654-তে কল করুন। দোভাষী সেবা উপলব্ধ।